# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

## উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২৬ এর ফরম পুরণ বিজ্ঞপ্তি

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি/২০২৬/৪৭(১০০০) **তারিখ ঃ** ২৪/০২/২০২৬ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ২০২৬ সনে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার Online এ ফরম পুরণ ও প্রয়োজনীয় ফি দিনাজপুর শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নরূপ :

১। **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ঃ** শিক্ষার্থীদের ফরম পুরণের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dinajpurboard.gov.bd) এর e-FF Link-এ আগামী **২৮/০২/২০২৬** তারিখে প্রকাশ করা হবে। **উক্ত সম্ভাব্য তালিকা হতে নিম্নে বর্ণিত নিয়মানুযায়ী ০১/০৩/২০২৬ তারিখ থেকে ১০/০৩/২০২৬ তারিখ পর্যন্ত বিলম্ব ফি-ছাড়া ও ১১/০৩/২০২৬ হতে ১৮/০৩/২০২৬ তারিখ পর্যন্ত বিলম্ব ফি-সহ Online-এ ফরমপুরণ (e-FF সম্পন্ন করে) করা যাবে।**

- প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত ওয়েবসাইটের eFF Link-এ Click করে প্রতিষ্ঠানের EIIN ও HSC Registration-এর Password দিয়ে Login করে প্রাপ্ত Probable List Print করে হার্ডকপিতে লালকালির বলপেন দিয়ে টিক চিহ্ন প্রদানপূর্বক পরীক্ষার্থী বাছাই/Select করতে হবে।
- উক্ত হার্ডকপিতে (Probable List) টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত সম্ভাব্য তালিকায় (Probable List) Online এ সংশ্লিষ্ট পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও নামের পার্শ্বে ক্লিক করে ফরমপুরণ সম্পন্ন করতে হবে।
- পরীক্ষার্থী সিলেক্ট করার পর প্রাপ্ত Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করতঃ প্রয়োজন হলে কোন পরীক্ষার্থী বাদ পড়ে থাকলে তাকে সংযুক্ত করা এবং বেশি হয়ে থাকলে তাকে বাদ দেয়া যাবে।
- একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিঃ নম্বর ও নাম দিয়ে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা হতে পরীক্ষার্থী নির্বাচন করার পর Temporary List এ ঢুকে সঠিকভাবে যাচাই-বাছাই শেষে "Generate Payslip" Button-এ ক্লিক করে প্রতিষ্ঠান প্রধানের নাম ও Mobile No. দিয়ে Save Button-এ Click করলে সোনালী ব্যাংকের Payment Gateway দেখাবে। যেমন Sonali Bank, Cards, Mobile Banking। Gateway গুলোর যেকোন একটি মাধ্যমে ফি Payment করতে হবে। Payment করার সাথে সাথে Final List পাওয়া যাবে।
- **Payment করার মাধ্যম ঃ**
  (ক) সোনালী ব্যাংক অনলাইন Account;
  (খ) Card Service (NEXUS, AMEX, VISA, MASTER CARD);
  (গ) Mobile Banking (Nagad, bKash, Rocket, Upay, TAP, Okwallet)
- শুধুমাত্র উপরোক্ত মাধ্যমে অনলাইনে ফি জমা দিতে হবে। ***সোনালী সেবার মাধ্যমে কোন ফি ব্যাংকে জমা দেয়া যাবে না।***
- নির্ধারিত তারিখের মধ্যে (বিলম্ব ফি ছাড়া এবং বিলম্ব ফিসহ) যতবার প্রয়োজন ততবার ফরমপুরণ করা যাবে।
- Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করত: প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর প্রদানপূর্বক প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

**বিঃদ্রঃ Payment করার ক্ষেত্রে সোনালী ব্যাংক অনলাইন একাউন্ট ব্যবহার করা উত্তম। পেমেন্টের সময় OTP দেয়ার জন্য একাউন্টে প্রদত্ত মোবাইল ফোন সঙ্গে রাখতে হবে। ফি ৩০০০০০/- টাকার নিচে হলে Card Services অথবা Mobile Banking ব্যবহার করা যাবে। Payment শেষ হলে একটি ইলেক্ট্রনিক রশিদ প্রদর্শিত হবে। সেটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। *কোন কারণে ফরমপুরণের সকল ধাপ অতিক্রম করে ফি পরিশোধ করার পরও Final List না পেলে questiondinajpurboard@gmail.com এই ই-মেইলে ইলেক্ট্রনিক রশিদ পাঠালে Final List ২৪ ঘন্টার পরে পাওয়া যাবে।***

০২। **ফরম পুরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বিবরণ :**

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় তালিকাভূক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | **২৬/০২/২০২৬** |
| (খ) | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ :<br>**নোট :** যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৫ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উর্ত্তীণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না । উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রালপালসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। | **২৬/০২/২০২৬** |

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (গ) | নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ : | **২৬/০২/২০২৬** |
| (ঘ) | **রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ :**<br>**নোট :** ২০২০-২০২১ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৫ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধুমাত্র ২০২৬ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/ (দুইশত পঞ্চাশ টাকা) ফরমপুরনের ফি-এর সাথে সংযুক্ত করা থাকবে। | **০১/০৩/২০২৬** |
| (ঙ) | Online-এ Probable List প্রদর্শন : | **২৮/০২/২০২৬** |
| (চ) | **বিলম্ব ফি ছাড়া** Online-এ ফরমপুরণের তারিখ : | **০১/০৩/২০২৬ থেকে ১০/০৩/২০২৬** |
| (ছ) | **বিলম্ব ফি-সহ** Online-এ ফরমপুরণের তারিখ (১০০/- টাকা বিলম্বসহ) : | **১১/০৩/২০২৬ থেকে ১৮/০৩/২০২৬** |

০৩। ক) প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত Final Candidate List Print Copy ও ইলেক্ট্রনিক রশিদ (সমূহ) তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে উত্তমরূপে সংরক্ষণ করবেন। Final Candidate List Print Copy সংশ্লিষ্ট কেন্দ্রে কিংবা শিক্ষা বোর্ডে জমা দিতে হবে না।

খ) প্রবেশপত্র বিতরণের সময়সূচি প্রকাশিত হলে ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ তাঁর কেন্দ্রের সকল প্রতিষ্ঠানের ফরমপুরণ ফি জমাদানের ইলেক্ট্রনিক রশিদ, কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে সংগ্রহ করবেন।

০৪। **পরীক্ষার মাধ্যম :** বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের **ছক** অনুযায়ী এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

## ছক

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

০৫। **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২৪/২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদাকলে তারা ২০২৬ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৬ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ২(ঘ) মোতাবেক ০১/০৩/২০২৬ তারিখের মধ্যে পরীক্ষা শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করে নিতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০২৪/২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০২৪/২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুইবিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৪/২০২৫ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৬ সালের সকল/এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০৬। **২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ: ০৪/০১/২০০৩ এর ১(এ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

০৭। **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**

ক) ২০২১-২০২২ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০২০-২০২১ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৮। **রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :**

ক) ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৬ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

খ) যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৫ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজি: নবায়ন ফি অনলাইন ফরমপুরন ফি-এর সঙ্গে যুক্ত থাকবে। সোনালী সেবার মাধ্যমে রেজি: নবায়নের ফি জমা দিতে হবে না।

**বি.দ্র.: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

০৯। **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

ক) কেবল ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২৬ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ***২০২৬ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন না হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ সরবরাহ করা হবে না, বিধায় এরূপ ক্ষেত্রে প্রকাশিত ফলাফল ও রোল পরবর্তীতে কোথাও ব্যবহার করা যাবে না।***

১০। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :**

**নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

১১। **সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি সংক্রান্ত :**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র/ বিষয়) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র আদায়কৃত) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভূক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৮ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১২৫/- | ২৫ | ১০০/- | ১৫০/- | × | × | ২৫/- | ১৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১২৫/- | ২৫ | ১০০/- | ১৫০/- | ১০০/- | × | ২৫/- | ১৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১২৫/- | ২৫ | ১০০/- | × | ১০০/- | × | ২৫/- | ১৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১২৫/- | ২৫ | ১০০/- | ১৫০/- | × | ১০০/- | ২৫/- | ১৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১২৫/- | ২৫ | ১০০/- | ১৫০/- | × | ১০০/- | ২৫/- | ১৫/- |

১২। **অন্যান্য ফি এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :**

ক) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী — ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা।

খ) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী — ১০০/- (একশত) টাকা।

১৩। **কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :**

ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা)। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের ন্যূনতম সম্মানী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও যানবাহন/যাতায়াতসহ অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।)

খ) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা।

গ) **শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের নিকট থেকে ২৪ মাসের টিউশন ফি আদায় করতে পারবে।**

ঘ) এইচএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (কুড়ি টাকা)।

ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে শিক্ষা বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

**উল্লেখ্য, যেহেতু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে সেহেতু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন হতে সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/- (দশ) টাকা, কেন্দ্র ৭/- (সাত) টাকা প্রাপ্য হবে।**

**বি:দ্র:** কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে শিক্ষা বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। শিক্ষা বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজ-সরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্ত হবে।

**আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতিত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবেন। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে, পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবেন।**

**১৪। নিয়মিত শিক্ষার্থীপ্রতি ফরম পূরণ ফি নিম্নরূপ হবে-**

| ক্রমিক নং | বিবরণ | বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ) | মানবিক শাখা (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা শাখা (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ০১ | বোর্ড ফি | ২১৪০.০০ | ১৯৪০.০০ | ১৯৪০.০০ |
| ০২ | ব্যবহারিক ফি'সহ কেন্দ্র ফি | ৮৫৫.০০ | ৪৯৫.০০ | ৪৯৫.০০ |
| | সর্বমোট- | ২৯৯৫.০০ | ২৪৩৫.০০ | ২৪৩৫.০০ |

**বিশেষ দ্রষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর ৪র্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বর্ণিত ফি এর সাথে অতিরিক্ত ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরও ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে।**

**১৫। ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত ঃ**

সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | 80 - 100 | 5.00 |
| A | 70 - 79 | 4.00 |
| A- | 60 - 69 | 3.50 |
| B | 50 - 59 | 3.00 |
| C | 40 - 49 | 2.00 |
| D | 33 - 39 | 1.00 |
| F | 00 - 32 | 0.00 |

১৬। **অন্যান্য বিষয় সংক্রান্ত :**

ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলি ও অভিযুক্ত হবার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে, সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

খ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই ফরমপুরণ আবেদন গ্রহণ করা হবে না।**

✓**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি/২০২৬/৪৭(১০০০) **তারিখ ঃ** ২৪/০২/২০২৬ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। ডিআইজি অব পুলিশ, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৭। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৮। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৯। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
১২। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দিনাজপুর কর্পোরেট শাখা।
১৪। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসার।
১৫। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল কলেজের অধ্যক্ষ।
১৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, অত্র শিক্ষা বোর্ড।
১৮। Website Copy।
**১৯।** সংরক্ষণ নথি।

**উপ-পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর